# 116782 - ইন্টারনেট থেকে বইপুস্তক ও কম্পিউটার প্রোগ্রাম ফ্রি ডাউনলোড করা

প্রশ্ন

ইন্টারনেটে কিছু বই পরিপূর্ণভাবে পাওয়া যায়; চাই সেগুলো ইসলামী বই হোক কিংবা একাডেমিক বই হোক। আমি সেগুলো কি সেইভ করে রেখে পড়তে পারি কিংবা যে অংশগুলো প্রয়োজন সে অংশগুলো প্রিন্ট করে নিতে পারি? অনুরূপভাবে ইন্টারনেটে ফ্রিতে দেয়া বিভিন্ন কম্পিউটার প্রোগ্রাম ও মোবাইল প্রোগ্রাম সম্পর্কেও আমি জিজ্ঞেস করতে চাই। এগুলো ডাউনলোড করা কি জায়েয? কিভাবে আমি জানতে পারব যে, প্রোগ্রামগুলো ডাউনলোডের জন্য অনুমোদিত; নাকি অনুমোদিত নয়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ইন্টারনেটে ফ্রিতে সরবরাহকৃত বইপুস্তক পড়ে, কিংবা সেইভ করে রেখে কিংবা প্রয়োজনীয় অংশ প্রিন্ট করে উপকৃত হতে কোন আপত্তি নেই। কেননা এ উদ্দেশ্যেই এগুলো ইন্টারনেটে রাখা হয়েছে। আরও জানতে দেখুন: **38847** নং প্রশ্নোত্তর।

অনুরূপভাবে ফ্রিতে দেয়া কম্পিউটার প্রোগ্রাম ও মোবাইল প্রোগ্রাম ডাউনলোড করতেও কোন অসুবিধা নেই।

মূল বিধান হলো: ঐ সকল বই-পুস্তক ও প্রোগ্রাম ডাউনলোড করা জায়েয হওয়া। এর দায় বর্তাবে সংশ্লিষ্ট ওয়েবসাইটের উপর; যে ওয়েবসাইট সেগুলো প্রচার করছে; যদি তারা মালিকের কাছ থেকে অনুমতি না নিয়ে থাকে। ব্রাউজকারী ব্যক্তির জন্য প্রত্যেকটি বই কিংবা প্রোগ্রামের মালিকের পক্ষ থেকে ডাউনলোড করার অনুমতি আছে কিনা এ ব্যাপারে নিশ্চিত হওয়া আবশ্যক নয়।

আল্লাহই সর্বজ্ঞ।